

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলাপ্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
দৌলতখান, ভোলা।



স্মারক নং-৩৩.০১.০৯২৯.০০০.০০.০০০.২২.১০৩

তারিখঃ ২৩/০৩/২০২২ ইং

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাণিসম্পদ অধিদপ্তরাদীন "মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়নের নিমিত্তে উক্ত প্রকল্পের আওতায় ভোলা জেলার দৌলতখান উপজেলায় অনুমোদিত "মহিষএআই কর্মী নির্বাচন নীতিমালা" অনুযায়ী মহিষ এআই কর্মী নির্বাচন কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে ০১ (এক) জন মহিষ এআই কর্মী নির্বাচন করা হবে। নিম্নোক্ত যোগ্যতার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট হতে সাদা কাগজে নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্য সম্বলিত মহিষ এআই কর্মী নির্বাচন কমিটির সভাপতি বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আর্থহীদের আগামী ০৩/০৪/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ০৫ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমা দানের জন্য অনুরোধ করা হলো।

মহিষ এআই কর্মী নির্বাচনের শর্তাবলীঃ

- ০১। উপজেলার বাসিন্দা হতে হবে।
- ০২। আবেদনকারীর বয়স অনূর্ধ্ব ৪০ বছরের মধ্যে হতে হবে।
- ০৩। শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস হতে হবে। (বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)।
- ০৪। কৃত্রিম প্রজনন কাজের প্রতি আর্থহী ও পরিশ্রমী বেকার যুবক।
- ০৫। পূর্ব অভিজ্ঞতা, প্রশিক্ষণপ্রাপ্ত ও উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।

আবেদনপত্রের সাথে যে সকল কাগজ পত্র সংযুক্ত করতে হবেঃ

- ০১। শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।
- ০২। নাগরিকত্ব সনদপত্র (ইউ.পি. চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)।
- ০৩। চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
- ০৪। সদ্য ভোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ০৫। অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
- ০৬। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি.পাস সার্টিফিকেট গ্রহণ যোগ্য।

(ডাঃ মোঃ নাসির উদ্দিন মুশী)  
উপজেলাপ্রাণিসম্পদ কর্মকর্তা (অঃ দাঃ)  
দৌলতখান, ভোলা।

স্মারক নং-৩৩.০১.০৯২৯.০০০.০০.০০০.২২.১০৩(১৫)

তারিখঃ ২৩/০৩/২০২২ ইং

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ০১। প্রকল্প পরিচালক, মহিষ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভোলা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা।
- ০৫-১৪। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা।
- ১৫। অফিসকপি।

(ডাঃ মোঃ নাসির উদ্দিন মুশী)  
উপজেলাপ্রাণিসম্পদ কর্মকর্তা (অঃ দাঃ)  
দৌলতখান, ভোলা।